# খালেদা জিয়ার আসনে প্রার্থী না দেওয়ার ঘোষণা এনসিপির



সংগৃহীত ছবি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার নির্বাচনী আসনে কোনো প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। মঙ্গলবার (৪ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেছেন দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

তিনি জানান, বেগম খালেদা জিয়া দেশের রাজনীতিতে একটি ঐতিহাসিক নাম। তার অবদান ও অবস্থানকে সম্মান জানাতেই এনসিপি ওই আসনে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়িয়েছে।

দলের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, বাকি আসনগুলোতে যোগ্য ও জনপ্রিয় প্রার্থীদের নাম শিগগিরই ঘোষণা করা হবে।

LENS ASIA